# আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**28 JULY 2024** **7:45—7:55 PM IST**

===========================================================================

১) আসামের ঐতিহাসিক চরাইদেউ মৈদাম ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে স্বীকৃতি পাওয়ায় গৌরব প্রকাশ করে মৈদাম ক্ষেত্রকে আসাম ভ্রমনের অন্যতম আকর্ষন হিসেবে অন্তভূক্ত করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বান।

২) সিকিমের রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যকে আসামের নতুন রাজ্যপাল হিসেবে নিযুক্তি । আসামের প্রাক্তন সাংসদ রমেন ডেকাকে ছত্তিশগড়ের নতুন রাজ্যপাল হিসেবে নিযুক্তি।

৩) সমগ্র রাজ্যের সংগে বরাক উপত্যকায় ও দেশভক্ত তরুরাম ফুকনের ৮৫ তম মৃত্যুবার্ষিকী দেশ ভক্তি দিবস হিসেবে পালন ।

৪) উত্তরপূর্ব সীমান্ত রেলের রেলোয়ে সুরক্ষা বাহিনীর চালানো অভিযানে চলতিমাসে ৪১ জন অনুপ্রবেশকারী গ্রেপ্তার ।

---

আসামের ঐতিহাসিক চরাইদেউ মৈদাম ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে স্বীকৃতি পাওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গৌরব প্রকাশ করেছেন ।আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানে আজ প্রধানমন্ত্রী বলেন যে চরাইদেউ মৈদাম ভারতের ৪৩ তম বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র ও উত্তরপূর্বাঞ্চলের প্রথম সাংস্কৃতিক বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে চিহ্নিত হয়েছে ।এই মৈদামগুলির গুরুত্ব সম্পর্কে ব্যাখ্যা করে শ্রী মোদী বলেন

যে আহোম সাম্রাজ্যের প্রথম রাজধানী চরাইদেউ  আহোম রাজবংশের গণ্য মান্য ব্যাক্তিদের মৃতদেহ ও মূল্যবান সম্পত্তিসমূহের সমাধি তথা সংরক্ষণ ক্ষেত্র ।তিনি বলেন যে  আহোম শাসকদের প্রশাসনীয় নীতি ও গণসম্পর্ক এতোটাই শক্তিশালী ছিল যে সুদীর্ঘ দিনের জন্য শাসনতন্ত্রকে শক্তিশালী করে রেখেছিল । শ্রী মোদী মহান বীর যোদ্ধা লাচিত বরফুকনের মৈদামে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে শান্তি অনুভব করেছিলেন বলে তিনি উল্লেখ করেন ।চরাইদেউ মৈদামকে আসাম ভ্রমণের অন্যতম আকর্ষন হিসেবে অর্ন্তভূক্ত করতে প্রধানমন্ত্রী পর্যটকদের প্রতি আহ্বান জানান ।

শ্রী মোদী বলেন যে দেশ নিজস্ব সংস্কৃতির গৌরববোধের মাধ্যমে প্রগতির পথে এগিয়ে যেতে পারে । এই প্রসংগে মেড ইন ইন্ডিয়ার অধীনে গ্রহণ করা বিভিন্ন প্রকল্পের বিষয়ে আলোকপাত করে তিনি ভারতের সব কলাকে প্রতিফলিত করা পারি প্রকল্পের বিষয়ে উল্লেখ করেন ।প্রধানমন্ত্রী সড়কের পাশে , দেওয়াল ইত্যাদিতে চিত্রাংকন করা সরকারী কলা শিল্পীদের ভূয়সী প্রশংসা করেন ।এই কাজ প্রকাশ্য স্থানগুলির সৌন্দর্য বর্ধন করা সহ ভারতীয় সংস্কৃতিকে অধিক জনপ্রিয় করে তুলতে সহায়তা করছে বলে প্রধানমন্ত্রী মত প্রকাশ করেন । এই ক্ষেত্রে তিনি দিল্লীর ভারত মন্ডপম ও সমগ্র দেশের উড়াল সেতুগুলির উদাহরণ তুলে ধরেন ।

দেশের হস্ততাত বস্ত্রশিল্পের বিষয়ে বিশেষভাবে উল্লেখ করে প্রধানমন্ত্র ৭ ই আগষ্ট হস্ততাত দিবস উদযাপন করা হবে বলে মন্তব্য করেন । প্রধানমন্ত্রী দেশের নানা প্রান্তের শিল্পীরা হস্ততাতকে জনপ্রিয় করে তোলার ক্ষেত্রে তাদের প্রদান করা অবদানের প্রশংসা করেন ।তিনি এই প্রসংগে ওড়িষার সম্বলপুরী শাড়ী , মধ্যপ্রদেশের মহেশ্বরী শাড়ী , জম্মুকাশ্মীমের কানি শাল ইত্যাদির উদাহরণ তুলে ধরেন ।তিনি হস্ততাতকে জনপ্রিয় করে তোলায় ভূমিকা গ্রহণ করা কোচা এ আই , হেন্ডলুম ইন্ডিয়া , ডি জাংক , নভাটেক্স , ব্রক্ষ্মপুত্র ফেবলস সহ বিভিন্ন ষ্টার্ট আপের বিষয়ে উল্লেখ করেন ।শ্রী মোদী জনসাধারণকে খাদী ও স্থানীয় হস্ততাত ব্যবহার করতে আহ্বান জানান ।

প্রধানমন্ত্রী মাদকদ্রব্যের দ্বারা সৃষ্টি করা ভয়াবহ প্রত্যাহ্বানের বিষয়ে আলোচনা করে ড্রাগসের বিরুদ্ধে লড়াই করার জন্য সরকারের গ্রহণ করা মানস শীর্ষক বিশেষ কার্যসূচীর বিষয়ে উল্লেখ করেন ।এটির হেল্পলাইন ও পোর্টেল সম্প্রতি খোলা

হয়েছে ।এছাড়া টোল ফ্রি নম্বর ১৯৩৩ ও প্রয়োজনে ব্যবহার করা যাবে ।শ্রী মোদী বলেন জে পুর্নবাসনের বিষয়ে কোনো উপদেশ বা তথ্য চেয়ে যেকোনো লোক এই টোল ফ্রি নম্বরে ফোন করতে পারবে ।

আগামীকাল সমগ্র বিশ্বে আর্ন্তজাতিক ব্যাঘ্র দিবস পালন করা হবে । এ সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন যে বাঘ ভারতীয় সংস্কৃতির অপরিহার্য অংশ হিসেবে বিবেচিত হয়ে আসছে ।ও অরণ্য পরিবেষ্টিত গ্রামগুলিতে বাস করা লোকেদের বাঘের সংগে কিভাবে সমন্বয়ের মাধ্যমে বাস করা যায় তা তারা ভালোভাবে জানেন বলে তিনি উল্লেখ করেন ।প্রধানমন্ত্রী ব্যাঘ্র ও মানুষের মধ্যে সংঘাত দূরীকরণের ক্ষেত্রে রাজস্থানের কুলহারী বেন্ড পঞ্চায়েতের গ্রহণ করা ব্যবস্থাবলীর কথা উল্লেখ করেন ।

মন কী বাতের এই পর্বে প্রধানমন্ত্রী ফ্রান্সের পেরিসে আরম্ভ হোয়া অলিম্পিক গেমসের প্রসংগ উল্লেখ করেন ।তিনি ভারতীয় খেলোয়ারদের উৎসাহিত করতে দেশবাসীর প্রতি আহ্বান জানান ।শ্রীমোদী সম্প্রতি আর্ন্তজাতিক গণিত অলিম্পিয়াডে ভারতীয় শিক্ষার্থীদের সুন্দর প্রদর্শনের বিষয়টি মন কি বাতে উল্লেখ করেন ।এই অলিম্পিয়াডে ভারতীয় দলটি ৪ টি সোণা ও একটি রুপোর পদক লাভ করে শীর্ষ ৫ টি দলের মধ্যে স্থান লাভ করে ।আর্ন্তজাতিক গণিত অলিম্পিয়াডে এবার একশর ও বেশী দেশের শিক্ষার্থী অংশ গ্রহণ করেছিল । প্রধানমন্ত্রী এই আলিম্পিয়াডে অংশ গ্রহণ করে দেশকে গৌরবান্বিত করা শিক্ষার্থী গৌহাটীর আনন্দ ভাদুরি পুনের আদিত্য ভেংকট গণেশ ও সিদ্ধার্থ চোপ্রা , দিল্লীর অজুন গুপ্তা গ্রেটার নয়ডার কানর টালোয়ার ও মুম্বাইর রুসিল মাথুরের নাম উল্লেখ করেন । তিনি অলিম্পিয়াডে পদকপ্রাপ্তদের সংগে তাদের অভীজ্ঞতা সম্পর্কে মত বিনিময় করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্বাধীনতা দিবসের অংশ হিসেবে হর ঘর ত্রিরংগা অভিযানে অংশ গ্রহণ করতে আহ্বান জানান ।জাতীয় পতাকার গৌরব অক্ষুন্ন রাখতে হর ঘর ত্রিরংগা অভিযান সম্প্রতি এক উৎসবে পরিণত হয়েছে বলে উল্লেখ করে স্বাধীনতা দিবসের ভাষনে বিভিন্ন বিষয় অর্ন্তভূক্ত করার জন্য মাই গভ আথবা নমো এ্যাপের মাধ্যমে পরামর্শ প্রদান করতে প্রধানমন্ত্রী দেশবাসীর প্রতি আহ্বান জানান ।

সিকিমের রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্যকে আসামের নতুন রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । শ্রী আচার্যকে মণিপুরের রাজ্যপাল হিসেবেও অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে । উল্লেখ্য লক্ষণপ্রসাদ আচার্য ২০১৫ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত উত্তরপ্রদেশ বিধানসভার জনপ্রতিনিধি হিসেবে কার্য নির্বাহ করেন । এদিকে রাজ্যের বর্তমান রাজ্যপাল গুলাব চান্দ কাটারিয়াকে পাঞ্জাবের রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া সহ কেন্দ্রীয় শাসিত অঞ্চল চন্ডীগড়ের প্রশাসক হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে ।

অন্যদিকে আসামের প্রাক্তন লোকসভা সাংসদ রমেন ডেকাকে ছত্তিশগড়ের রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । উল্লেখ্য রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মূর্মূ বিভিন্ন রাজ্যের নতুন রাজ্যপালদের নিযুক্তি দিয়েছেন ।

---

দেশভক্ত তরুণরাম ফুকনের ৮৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আজ সমগ্র রাজ্যে দেশভক্তি দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে গৌহাটীর দেশভক্ত তরুণরাম ফুকন উদ্যানে রাজ্য সরকারের উদ্যোগে আজ এক শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানের আয়োজন করা হয় । এরসঙ্গে সঙ্গতি রেখে জনতা ভবনের সভাকক্ষে আয়োজিত এক সভায় রাজ্যসরকারের তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকেন । উল্লেখ্য ২০২১ সাল থেকে কেবিনেট বৈঠকের সিদ্ধান্ত অনুসারে আজকের দিনটি সমগ্র রাজ্যে দেশভক্তি দিবস হিসেবে পালন করা হয় ।

---

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় দেশভক্ত তরুন রাম ফুকনের মৃত্যু দিন দেশভক্তি দিবস হিসেবে পালিত হয়েছে ।
কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে এবং তথ্য ও জনসংযোগ বিভাগের আঞ্চলিক কার্য্যলয়ের সহযোগীতায় আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে প্রথমে তরুনরাম ফুকনের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় এবং পরে স্বাধীনতা আন্দোলনে তরুনরাম ফুকনের অবদান নিয়ে আয়োজিত আলোচনা সভায় শিক্ষিকা সুর্পনা সিনহা , অধ্যাপক

আশরাফ হোসেন , অতিরিক্ত জেলা আয়ুক্ত ভ্যান লাল লিম্পুইয়া , তথ্য ও জনসংযোগের উপ-সঞ্চালক বহ্নিকা চেতিয়া প্রমূখ বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসন ও তথ্য ও জনসংযোগ বিভাগের যৌথ উদ্যোগে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে দেশভক্তি দিবস পালন করা হয়েছে । প্রথমে দেশভক্ত তরুন রাম ফুকনের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পন করা হয়েছে । পরে জেলা উন্নয়ন আয়ুক্ত এল ফারহিনের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় , জনসংযোগ আধিকারীক সাজ্জাদূল হক চৌধুরী প্রমূখ আলোচনা করেন । অনুষ্ঠানের শেষ তরুনরাম ফুকনের জীবন ও আর্দশের উপর আয়োজিত রচনা প্রতিযোগীতার বিজয়ীদের পুরষ্কৃত করা হয় ।

---

এদিকে করিমগঞ্জ জেলায়ও আজ দেশভক্ত তরুন রাম ফুকনের মৃত্যু দিন দেশভক্তি দিবস হিসেবে পালন করা হয়েছে । করিমগঞ্জ জেলা প্রশাসন ও তথ্য ও জনসংযোগ বিভাগের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রথমে তরুনরাম ফুকনের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় । পরে অতিরিক্ত আয়ুক্ত আনিস রসুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সভায় মুগরাপুর এম ই স্কুলের শিক্ষক অরূপ দাস দেশভক্ত তরুন রাম ফুকনের দেশ ভক্তি ও জীবন ,আর্দশ নিয়ে বিস্তারিত আলোচনা করেন ।
এদিকে দেশভক্তি দিবস উপলক্ষ্যে জেলা পর্য্যায়ে আয়োজিত রচনা প্রতিযোগীতায় বিজয়ীদের পুরস্কার প্রদান করা হয়েছে । করিমগঞ্জ জেলার চন্দবীণা পালকে আজ গৌহাটীতে রাজ্য পর্য্যায়ের কেন্দ্রীয় অনুষ্ঠানে পুরষ্কৃত করা হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের রেলওয়ে সুরক্ষা বাহিনীর পক্ষ থেকে চলতি বছরের জুলাই মাসে চালানো অভিযানে ৪১ জন অনুপ্রবেশকারী এবং ৫ জন দালালকে গ্রেপ্তার করা হয়েছে । সীমান্ত রেল আগরতলা রেল স্টেশনে নিয়মিত তল্লাশি অভিযান চালিয়ে সন্দেহজনক ১১ জন ব্যাক্তিকে আটক করা হয়েছে , এরমধ্যে ৯ জন মহিলা ও দু জন পুরুষ রয়েছেন । জিজ্ঞাসাবাদের সময় তারা কোন বৈধ নথিপত্র দেখাতে পারে নি । অবৈধ অনুপ্রবেশকারীরা বাংলাদেশী ও রোহিঙ্গা নাগরিক বলে জানা গেছে ।

---

কমসোমলের আসাম রাজ্য শাখার উদ্যোগে আজ থেকে তেজপুরের কমলা প্রসাদ মেমোরিয়েল স্কুলে তিনদিনব্যাপী রাজ্য ভিত্তিক শিক্ষা-সাংস্কৃতিক শিবির শুরু হয়েছে । পতাকা উত্তোলনের মাধ্যমে শিবিরের প্রথম অধিবেশন আরম্ভ হয় । এই শিবিরে বিভিন্ন অধিবেশনে জ্ঞান বিজ্ঞানের নানা বিষয় নিয়ে আলোচনা সহ ক্রীড়া ,সাংস্কৃতিক অনুষ্ঠান ,প্যারেড ইত্যাদি কার্যসূচীর আয়োজন করা হবে । রাজ্যভিত্তিক এই শিবিরে কাছাড় জেলার প্রতিনিধিরাও যোগদান করেছেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে জেলার বিভিন্ন গ্রামে অগাষ্ট মাস ব্যাপী খাজনা আদায় শিবিরের আয়োজন করা হবে । জেলার তহশিলদার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী পয়লা ও দোসরা অগাষ্ট আলগাপুর , রংপুর-আপিন , বড়বন্দ এবং বাহাদূরপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে  খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । অনুরূপভাবে আগামী তেসোরা অগাষ্ট পাঁচগ্রাম , ধলাই-মলাই , নিশ্চিন্তপুর এবং বাঁশডহর-বড়হাইলাকান্দি গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে ।

---

---